



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
উপবৃত্তি শাখা  
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯  
www.pmeat.gov.bd



স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০০.০০৩.৩২.০০০১.২১.১৮

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪৩৩  
১৪ জুন ২০২৬

**বিষয়: স্নাতক (পাস) ও সমমান পর্যায়ে (ডিগ্রী ও ফাজিল ১ম বর্ষ) ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তিকৃত/অধ্যয়নরত আর্থিকভাবে  
অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের চলমান উপবৃত্তির অনলাইন আবেদনের সময় বৃদ্ধিকরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয় এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীন  
বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ে ২০২৩-২৪ (ডিগ্রী ও ফাজিল ১ম বর্ষ) শিক্ষাবর্ষে ভর্তিকৃত/অধ্যয়নরত আর্থিকভাবে অসচ্ছল  
পরিবারের মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফি ও অন্যান্য সুবিধাদি প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত সময়সূচি ও নির্দেশিকা অনুসারে সংশ্লিষ্ট শিক্ষার্থী  
ও শিক্ষা প্রতিষ্ঠানের নিকট থেকে ‘ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম’ <https://estipend.pmeat.gov.bd> লিংক -এ প্রবেশ করে নিয়ে  
উল্লিখিত তারিখ ও সময়ের মধ্যে আবেদন এন্ট্রি ও forward করার জন্য আহ্বান করা যাচ্ছে:

২। ‘স্নাতক ও সমমান পর্যায়ের উপবৃত্তি প্রদান নির্দেশিকা, ২০২২’ অনুযায়ী নিম্নোক্ত শর্তাবলি প্রতিপালন করতে হবে।

(ক) স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ২০২৩-২৪ শিক্ষাবর্ষে (ডিগ্রী ও ফাজিল ১ম বর্ষ) শিক্ষার্থীদের <https://estipend.pmeat.gov.bd> লিংকের মাধ্যমে চলমান অনলাইন আবেদনের সময়: ১৪ জুন ২০২৬ খ্রি. তারিখের পরিবর্তে ২৫ জুন ২০২৬ খ্রি. বৃহস্পতিবার রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত বৃদ্ধি করা হলো।

(খ) সফটওয়্যারে এন্ট্রিকৃত শিক্ষার্থীদের আবেদনে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক PMEAT’র ‘ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম’  
সফটওয়্যারে forward করার সময়: ২১ জুন ২০২৬ খ্রি. তারিখের পরিবর্তে ২৫ জুন ২০২৬ খ্রি. বৃহস্পতিবার রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত  
বৃদ্ধি করা হলো।

(গ) শিক্ষার্থীদের উপবৃত্তির আবেদন সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের [www.pmeat.gov.bd](http://www.pmeat.gov.bd) ওয়েবসাইট  
এবং PMEAT’র ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

(ঘ) উল্লেখ্য, শিক্ষার্থী অনলাইনে আবেদনের সময়ে শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করুন অপশনে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান খুজে না পেলে শিক্ষা  
প্রতিষ্ঠানটি ট্রাস্টের ‘ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম’ সফটওয়্যারে অন্তর্ভুক্তির লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানকে শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব  
প্যাডে EIIIN ও অন্যান্য তথ্য উল্লেখপূর্বক ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, বাড়ি নং ৪৪, সড়ক নং ১২/এ, ধানমন্ডি,  
ঢাকা-১২০৯ বরাবর আবেদন ডাকযোগে অথবা [ad.stipend@pmeat.gov.bd](mailto:ad.stipend@pmeat.gov.bd) ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(ঙ) কার্যক্রমটি সম্পূর্ণ অনলাইন ভিত্তিক হওয়ায় আবেদনের হার্ড কপি ট্রাস্টে প্রেরণের প্রয়োজন নেই। স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের উপবৃত্তি  
সংক্রান্ত হেল্পলাইনঃ ০২-৫৫০০০৪২৮, ০১৭৭৮৯৫৮৩৫৬ ও ০১৭৭৮৯৬৪১৫৬ (অফিস চলাকালীন সকাল ০৯:০০ টা থেকে বিকাল ০৪:০০ টা পর্যন্ত)।

৩। এমতাবস্থায়, স্নাতক (পাস) ও সমমান পর্যায়ে (ডিগ্রী ও ফাজিল ১ম বর্ষ) ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তিকৃত/অধ্যয়নরত  
আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের উল্লিখিত সময়ের মধ্যে উপবৃত্তির আবেদন করার জন্য নির্দেশক্রমে  
অনুরোধ করা হলো।

সংযুক্তি:

ক) স্নাতক ও সমমান পর্যায়ের উপবৃত্তি প্রদান নির্দেশিকা, ২০২২।

সংযুক্তিঃ

(১) স্নাতক পর্যায়ের উপবৃত্তি প্রদান নির্দেশিকা-২০২২



১৪-০৬-২০২৬

প্রফেসর মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ

সহকারী পরিচালক

ফোন : ০২-৫৫০০০৪২৮

ইমেইল : ad.stipend@pmeat.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
- ৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
- ৫। মহাপরিচালক(অতিরিক্ত সচিব) (অতিরিক্ত দায়িত্ব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
- ৬। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
- ৭। রেজিস্টার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
- ৮। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৯। সকল জেলা প্রশাসক।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ১১। জেলা শিক্ষা অফিসার (সকল)।
- ১২। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) (সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে বিজ্ঞপ্তি'টি অবহিত করার অনুরোধ করা হলে)।
- ১৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৫। প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০০.০০৩.৩২.০০০১.২১.১৮/১ (২)

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪৩৩  
১৪ জুন ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক এর সদয় অবগতির জন্য)।
- ২। ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (পরিচালক এর সদয় অবগতির জন্য)।



১৪-০৬-২০২৬

প্রফেসর মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ

সহকারী পরিচালক